

বাংলাদেশের এসএমই খাতের বড় চ্যালেঞ্জ প্রবৃদ্ধি

নিজস্ব প্রতিবেদক | ০০:৫১:০০ মিনিট, ডিসেম্বর ২৯, ২০১৭

বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে অনেক উদ্যোক্তা ব্যবসা করলেও অর্থায়ন সুবিধাসহ নানামুখী প্রতিবন্ধকতা মোকাবেলা করতে হচ্ছে তাদের। তবে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগগুলোর সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো প্রবৃদ্ধি। গতকাল এক সেমিনারে এসব কথা বলেন বক্তারা।

রাজধানীর ওয়েস্টিন হোটেলে ‘এভিডেন্স ডায়ালগ অন এসএমই ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ’ শীর্ষক সেমিনারটি যৌথভাবে আয়োজন করে যুক্তরাষ্ট্রভিত্তিক উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান ইনোভেশনস ফর পোভার্টি অ্যাকশন (আইপিএ) এবং প্রধানমন্ত্রী কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম।

বাংলাদেশ ব্যাংকের এসএমই ও স্পেশাল প্রোগ্রাম বিভাগের প্রধান শেখ মোহাম্মদ সেলিম, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (বিডব্লিউসিসিআই) সহসভাপতি সংগীতা আহমেদ, ইকোটেক্স লিমিটেডের মানবসম্পদ ও এথিকাল ট্রেডস বিভাগের ব্যবস্থাপক শতদল ইসলাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের রেজাল্ট ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ আনোয়ারুল আরিফ খান, আইপিএর চিফ রিসার্চ ও পলিসি অফিসার ইমরান মতিন, আইপিএ বাংলাদেশ পরিচালক আশরাফুল হক, আইপিএ গবেষণা সমন্বয়ক নুসরাত জাহান এতে অংশ নেন।

সেমিনারে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক অতনু রাক্বানী ও যুক্তরাজ্যের ওয়ারউইক বিশ্ববিদ্যালয়ের পাওলা লোপেজ-পেনা বাংলাদেশের পোশাক খাতের ওপর দুটি পৃথক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

আইপিএর পক্ষে ইমরান মতিন, আশরাফুল হক ও নুসরাত জাহান বিভিন্ন দেশে আইপিএ পরিচালিত গবেষণার ফলাফল উপস্থাপন করেন ও তার ভিত্তিতে বাংলাদেশে তথ্যনির্ভর এসএমই নীতি প্রণয়নের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

বাংলাদেশ ব্যাংকের এসএমই ও স্পেশাল প্রোগ্রাম বিভাগের প্রধান বলেন, বাংলাদেশের ব্যাংক থেকে এসএমইগুলোর অর্থায়ন সুবিধা খুব কার্যকর ভূমিকা রাখতে পারছে না। অনেক ব্যাংক তাদের সেবা হিসেবে করপোরেট প্রডাক্টকেই এসএমই প্রডাক্ট হিসেবে চালাচ্ছে। দেশের এসএমই উদ্যোক্তাদেরও সমস্যা আছে, অধিকাংশই বুকস অব অ্যাকাউন্টস রাখেন না। এর প্রভাবে উন্নয়নের কোনো কৌশলও গ্রহণ করতে পারেন না।

আইপিএর চিফ রিসার্চ ও পলিসি অফিসার ইমরান মতিন তার বক্তব্যে বিভিন্ন দেশের এসএমইভিত্তিক উদাহরণ ও তথ্য-উপাত্ত উপস্থাপন করেন। বাংলাদেশের প্রেক্ষাপটে এসএমইর বাস্তবতা তুলে ধরেন। তিনি বলেন, এসএমই প্রবৃদ্ধি বাংলাদেশে একটি বড় চ্যালেঞ্জ।

বণিক বার্তা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। অনুমতি ছাড়া এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি ও বিষয়বস্তু অন্য কোথাও প্রকাশ করা বেআইনি।

সম্পাদক ও প্রকাশক: দেওয়ান হানিফ মাহমুদ

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বিডিবিএল ভবন (লেভেল ১৭), ১২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

পিএবিএক্স: ৮১৮৯৬২২-২৩, ই-মেইল: news@bonikbarta.com | বিজ্ঞাপন ও সার্কুলেশন বিভাগ ফ্যাক্স: ৮১৮৯৬১৯